

নামাজের সময় সূচী

মূলঃ আশ্শায়েখ মোহাম্মদ বিন সালেহ আল ওসাইমীন

> প্রতিপাদ্যে মোহাম্মদ মতিউল ইসলাম

ধর্ম আওকাফ দাওয়া ও এরশাদ মন্ত্রনালয় পাবলিকেশস।

وزاة الشؤون الإسلامية ، 1819هـ فهرسة مكتبة الملك فهد الوطنية أثناء النشر العثيمين، محمد بن صالح

العتيمين، محمد بن صافح مواقيت الصلاة/باللغة البنغالية. - الرياض ٤٨ ص ، ١٢×١٢ سم

ردمك ۲-۲۳۱-۲ - ۹۹۲۰-۲۹

أ– العنوان ۱۹/۱۰۰۳

۱ – الصلاة ديوي ۲۵۲,۲

رقم الإيداع: ٣٠٠١ ١٩/١ ردمك : ٢- ٢٣١ - ٢٩ ٩٩٦ ر

ধর্ম আওকাফ দাওয়া ও এরশাদ মন্ত্রনালয় পাবলিকেশস।

নামাজের সময় সূচী

মূলঃ আশ্শায়েখ মোহাম্মদ বিন সালেছ আল ওসাইমীন

প্রতিপাদ্যে মোহাম্মদ মতিউল ইসলাম

প্রকাশনায়ঃ মন্ত্রনালয় প্রিন্টং এণ্ড পাবলিকেশস বিভাগ

بالمالي التماي

বিস্মিল্লাহির রাহ্মানির রাহ্মানির রাহীম

নামাযের সময়সূচী ঃ

সকল প্রশংসা আল্লাহর জন্য, আমরা তাঁরই প্রশংসা করি এবং তাঁর নিকট সাহায্য চাই। আমরা তাঁর সমীপে অনুতপ্ত হয়ে তাওবা করি, আমরা তাঁর নিকট আশ্রয় প্রার্থনা করি কুপ্রবৃত্তি ও দুষ্কৃতি থেকে। আল্লাহ যাকে সৎ পথ দেখান, তাকে কেউ পথভ্রষ্ট করতে পারেনা, আর যাকে তিনি পথভ্রষ্ট করেন, তাকে কেউ সৎ পথে পরিচালিত করতে পারে না।

আমি সাক্ষ্য প্রদান করছি যে, আল্লাহ ব্যতীত কোন মাবুদ নেই। তিনি একক, তাঁর কোন শরীক নেই। আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, নিশ্চয়ই মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আল্লাহর বান্দাহ ও তাঁর রাসূল। আর আল্লাহ তাঁর উপর রহমত নাযিল করুন, তাঁর পরিবার-পরিজন, তাঁর সাহাবী ও অনুসারীদের উপর, আর যারা সৎ কাজে তাঁদের অনুসরণ করবে তাঁদের উপর অনুগ্রহ করুন।

অতঃপর আল্লাহ তা'আলা তাঁর বান্দাহদের প্রতি দিনরাতে পাঁচ ওয়াক্ত নামায ফর্য করেছেন। আল্লাহ তা'আলার মহান হিক্মত ও মহিমা মোতাবেক সে সময়গুলো নিরূপিত হয়েছে। যাতে করে বান্দাহ এ পাঁচ ওয়াক্ত নামাযের নির্ধারিত সময়ে স্বীয় রবের সাথে সম্পর্ক স্থাপনের নেক নযরে থাকার সুযোগ লাভে সক্ষম হতে পারে। এটা যেন হৃদয়ের জন্য পানি স্বরূপ তরুলতাকে সঞ্জীবিত রাখার জন্য মাঝে মাঝে তাতে পানি সিঞ্চনের প্রয়োজন হয়। এরূপ নয় যে, মাত্র একবার সিঞ্চন করে তা বন্ধ করে দেয়া হয়। নামাযের সময়কে বিভিন্ন সময়ে নির্ধারিত করায় বান্দাহর উপর তা যেন এক সময়ে আদায়ের কারণে ক্লান্ডি ও বোঝা স্বরূপ না হয়। বস্তুত আল্লাহ তা'আলা বরকতময়, সর্বশ্রেষ্ঠ প্রজ্ঞাময়।

এটা একটা ক্ষুদ্র পুস্তিকা। এতে আমরা নিম্নোক্ত পরিচ্ছেদসমূহে নামাথের সময়সূচী সম্পর্কে আলোচনা করবঃ

প্রথম পরিচেছদ ঃ নামাযের সময়সূচীর বর্ণনা।

দিতীয় পরিচ্ছেদ ঃ নির্ধারিত সময়ে নামায আদায় করা ওয়াজিব এবং নির্ধারিত সময়ের পূর্বে বা পরে নামায আদায় করার বর্ণনা।

তৃতীয় পরিচেছদ ঃ যে কোন নামাযের জন্য নির্ধারিত সময় পাওয়া গেলে উক্ত নামায ওয়াজিব হওয়ার বর্ণনা।

চতুর্থ পরিচ্ছেদ ঃ দুই ওয়াক্তের নামায এক ওয়াক্তে একত্রিত করে পড়ার হুকুম কি ? এর বর্ণনা।

অত্র পুস্তিকায় আমরা কুরআন ও হাদীসের অনুসরণ করেছি এবং মাসআলাগুলোকে প্রমাণসহকারে উল্লেখ করেছি যাতে করে পাঠক দৃঢ়তা, প্রশান্তি ও গভীর জ্ঞানের অধিকারী হতে পারে।

মহান আল্লাহর দরবারে ঐকান্তিক আশা, তিনি যেন এটা কবুল করে আমাদেরকে পুরষ্কৃত করেন এবং তা সমস্ত মুসলমানের জন্য বরকতময় ও কল্যাণময় হয়। নিশ্চয়ই তিনি পরম দয়ালু।

প্রথম পরিচ্ছেদ সময়সূচীর বর্ণনা

আল্লাহ তা'আলা ইরশাদ করেন-

﴿ وَمَا أَنزَلْنَا عَلَيْكَ ٱلْكِتَنَبَ إِلَّا لِتُبَيِّنَ لَمُهُ ٱلَّذِى ٱخْنَلَفُواْ فِيلِهِ وَهُدَى وَرَحْمَةً لِقَوْمِ يُوْمِنُونَ ﴾ .

"আমি তোমার নিকট এ কুরআন এ জন্য নাযিল করেছি, যাতে তুমি লোকদের নিকট বর্ণনা কর, যে বিষয়ে তারা মতবিরোধ করছে এবং বিশ্বাসী সম্প্রদায়ের জন্য ইহা হেদায়াত ও রহমত স্বরূপ।" [১৬ঃ৬৪]

তিনি আরো বলেন-

﴿ وَنَزَلْنَا عَلَيْكَ ٱلْكِتَابَ تِبْيَنَا لِكُلِّ شَيْءٍ وَهُدًى وَرَحْمَةُ وَيُثْرَيْ لِلْمُسْلِمِينَ ﴾ .

"আমি তোমার নিকট কিতাব নাযিল করেছি, যা সমুদয় বিষয়ের বর্ণনাকারী এবং সেটা হেদায়াত, রহমত ও মুসলমানদের জন্য সুসংবাদ স্বরূপ।" [১৬৪৮৯]

সূতরাং বান্দারা তাদের দ্বীন ও দুনিয়ার ব্যাপারে যে সকল বিষয়ে জ্ঞান লাভের প্রয়োজনীয়তা অনুভব করবে, আল্লাহ তা'আলা ঐ সমুদয় বিষয় তাঁর কিতাবে অথবা নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম) এর হাদীসে সবিস্তারে বর্ণনা করে দিয়েছেন। হাদীস হচ্ছে কুরআনের ভাষ্য ও ব্যাখ্যা-বিশ্লেষণ মাত্র। সাধারণভাবে বর্ণিত বিষয়কে খাসভাবে চিহিত করেছে এবং ব্যাপকভাবে বর্ণিত বিষয়গুলাকে হাদীস সীমিতভাবে চিহিত করে দেয়। বস্তুত কুরআনের একটি আয়াত অন্যটির জন্য বর্ণনা ও ব্যাখ্যা স্বরূপ এবং স্থানে সংক্ষিপ্তকে বিস্তৃত, ব্যাপককে সীমিত, সাধারণভাবে বর্ণিত বিষয়কে বিশেষ ধারায় বর্ণনা করা হয়েছে।

এ প্রেক্ষাপটেই নবী করীম (সাক্সাল্লাই আরা সাল্লাম)
ইরশাদ করেন- জেনে রাখ! আমাকে কুরআন এবং তার
অনুরূপ একটি বিষয় প্রদান করা হয়েছে। (আহমদ, আব্
দাউদ) এর সনদ সহীহ। উল্লেখিত কানুনের পরিপ্রেক্ষিতে
পাঁচ ওয়াক্ত নামাযের সময়সূচীর বর্ণনা অন্যতম, যে
নামাযগুলো শারীরিক আমলের মধ্যে ফর্য হিসেবে করা
হয়েছে। এবং মহামহীম আল্লাহ তা'আলার নিকট অতীব
প্রিয়। আল্লাহ তার মহাগ্রন্থ আল-কুরআনেও তার রাসূল
(সাল্লাল্লাই আলাইই ওয়া সাল্লাম) এর হাদীসে সময় সম্পর্কে বিস্তারিত
আলোচনা করেছেন।

আল্লাহ তা'আলা ইরশাদ করেনঃ

﴿ أَقِمِ ٱلصَّلَوٰةَ لِدُلُوكِ ٱلشَّمْسِ إِلَى غَسَقِ ٱلَّتِلِ وَقُرْءَانَ ٱلْفَجْرِ لَا غَسَقِ ٱلَّتِلِ وَقُرْءَانَ ٱلْفَجْرِ الشَّمُودَا﴾ .

"নামায কায়েম কর, সূর্য পশ্চিমে ঢলে পড়ার সময় থেকে রাত্রির অন্ধকার আচ্ছন্ন হওয়ার সময় পর্যন্ত, আর ফজরে কুরআন পাঠের সময় ফেরেস্তা উপস্থিত থাকে।" (১৭ঃ৭৮)

এতে আল্লাহ পাক তাঁর নবী (সাল্লাল্লছ আলাইহি ওয়া সাল্লাম)কে আদেশ করেছেন, আর এ আদেশের অর্থ হলো তাঁর সাথে, তাঁর উদ্মতের উপর এ নির্দেশ। সূর্য ঢলে পড়লে নামায আদায় করা- অর্থাৎ মধ্যাকাশ থেকে সূর্য ঢলে পড়ার সময় থেকে রাত্রির নিবিড় অন্ধকার আচ্ছন্ন হওয়ার সময় পর্যন্ত, আর এ অন্ধকার অর্ধরাত্রিতে হয়ে থাকে।

অতঃপর পৃথকভাবে বর্ণনা করে বলেন ঃ

"আর ফজরে কুরআন পাঠ কর"- এর অর্থ হলো ফজরের নামায। আর ফজরের নামাযকে কুরআন দ্বারা ব্যাখ্যার কারণ হলো- এতে কুরআনের পাঠ দীর্ঘায়িত করা হয়।

"সূর্য পশ্চিমে ঢলে পড়ার সময় হতে রাত্রির অন্ধকার আচ্ছন্ন হওয়ার সময় পর্যন্ত" আল্লাহ এ পবিত্র বাণীতে চার ওয়াক্ত নামাযের সময়সূচী বর্ণনা করেছেন। সেগুলো হচ্ছে যোহর ও আসরের সালাত, আর উভয় সালাতই দিবসের শেষার্ধের নামায এবং মাগরিব ও ইশার সালাত, যা রাতের প্রথমার্ধের নামায।

পক্ষান্তরে "ফজরের সময় কুরআন পাঠ" এ পবিত্র কালাম দ্বারা ফজরের সময় পৃথকভাবে বর্ণনা করা হয়েছে। "আল-ফজর" শব্দটির দ্বারা নির্ধারিত সময়ের কথা বলা হয়েছে। আর সেটি হলোঃ পূর্বাকাশে সূর্যের আলোকচ্ছটা প্রকাশিত হওয়ার সময়।

বস্তুত আল্লাহ তা'আলা চারটি সময় একত্রিত করেছেন, কেননা সময়গুলো একটি অপরটির সাথে ওতোপ্রতোভাবে জড়িত। একটি নামাযের সময় শেষ হতে না হতেই অপরটি উপস্থিত হয়। আর ফজরের সময়টি পৃথকভাবে এজন্য বর্ণিত হয়েছে যে, তার সাথে আগে-পিছের সময়ের কোন সম্পর্ক নেই। কেননা, ইশার ও ফজরের নামাযের মধ্যে প্রতিবন্ধক হচ্ছে দিনের মধ্যভাগ, যেমন তা হাদীসের আলোকে বর্ণিত হবে ইন্শা আল্লাহ।

পক্ষান্তরে, রাসূলুল্লাহ (সাল্লাল্ছ মালাইছি এরা সাল্লাম) থেকে সহীহ মুসলিমে- আব্দুল্লাহ ইবন আমর ইবনুল আস (রা) বর্ণনা করেন- নবী করীম (সাল্লাল্ছ মালাইছি এরা সাল্লাম) ইরশাদ করেছেন- "যোহর নামাযের ওয়াক্ত তখন গুরু হয় যখন সূর্য ঢলে পড়ে, আর প্রত্যেক মানুষের ছায়া তার সমান দীর্ঘ হওয়া পর্যন্ত আসরের ওয়াক্ত উপস্থিত হয় না। আর আসরের নামাযের সময় সূর্য হলুদ বর্ণ না হওয়া পর্যন্ত, আর মাগরিবের সময় সূর্য অস্ত যাওয়া থেকে তার লালিমা বাকি থাকা পর্যন্ত এবং ইশার নামাযের সময় থাকে মধ্যরাত

পর্যন্ত। আর ফজরের ওয়াক্ত সুবহে সাদিক থেকে সূর্যোদয় না হওয়া পর্যন্ত। অন্য বর্ণনায় আছে ইশার নামাযের সময় অর্ধরাত্রি পর্যন্ত।

সহীহ মুসলিমে- আবু মূসা আশআরী (রা) নবী করীম (সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম) থেকে বর্ণনা করেন- জনৈক ব্যক্তি নবী করীম (সাল্লাল্লাল্ল আলাইহি এরা সাল্লাম) এর খিদমতে এসে নামাযের সময় সম্পর্কে জিজ্ঞেস করলো তিনি তার প্রশ্নের কোন উত্তর দিলেন না। (বর্ণনাকারী) বলেন- রাসূলুল্লাহ (সাল্লাল্লাল্ আলাইহি ওয়া সাল্লাম) সুবহে সাদিক হওয়ার পর ফজরের নামায আরম্ভ করেন, সে সময় মানুষ একে অপরকে চিনতে পারছিল না। অতঃপর তিনি বেলাল (রা)কে আদেশ দিলেন, যেমন নাসায়ী শরীফের বর্ণনায় আছে ঃ নবী করীম (সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম) যোহরের নামায আরম্ভ করেন সূর্য ঢলে পড়ার পর ঐ সময়ে যেমন বলে- "দিনের মধ্যাহ ভাগ উপস্থিত" অথচ নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম) তাদের মাঝে নামাযের সময় সম্পর্কে অধিক অবহিত। তিনি আবার বেলাল (রা)কে আদেশ দেন, অতঃপর তিনি কায়েম করেন আসরের নামায, আর সূর্য তখন বেশ উচুতে ছিল। অতঃপর তিনি বেলাল (রা)কে মাগরিবের নামায কায়েম করার আদেশ দেন এ সময় সূর্য অস্ত যায়। নাসায়ী শরীফের এক বর্ণনায় "ওফায়াত" এর স্থলে "গারাবাত" আছে তবে অর্থ একই। পরে তিনি পশ্চিমাকাশের লালিমা

মিটে যাওয়ার পর বেলাল (রা)কে ইশার নামাযের ইকামাত দেয়ার আদেশ দেন। দিতীয় দিন তিনি ফজরের নামায এতটা দেরী করে আদায় করেন যে, নামায শেষে জনৈক ব্যক্তি বলে উঠে যে, সূর্য উদিত হয়ে গেছে অথবা উদিত হওয়ার নিকটবর্তী হয়েছে। বিগত দিনের প্রায়্ম আসরের সময় পর্যন্ত দেরী করে যোহর আদায় করেন। আবার আসরের নামায এতটা দেরী করে আদায় করেন যে, নামায শেষে একজন বলে উঠে যে, সূর্য লাল বর্ণের হয়ে গেছে। মাগরিবের নামায এতটা দেরী করে আদায় করেন যে, পশ্চিমাকাশের রঙিন আভা প্রায় মিটে যায়। অতঃপর তিনি ইশার নামায এতটা দেরী করে আদায় করেন যে, রাতের তৃতীয়াংশ অতিবাহিত হয়ে যায়। অতঃপর সকাল হলে নবী (য়ায়ায়ছ আলাইহি ওয় য়ায়য়ম) প্রশ্নকারীকে ডেকে বলেন, "নামাযের সময় হলো। এ দু'সময়ের মধ্যবর্তী সময়।"

পাঁচ ওয়াক্ত নামাযের সময় কুরআন মজীদের আয়াত ও নবী (সাল্লাল্লাল্লাল্লাইই ওয়া সাল্লাম) এর হাদীস দ্বারা বিস্তারিতভাবে বর্ণনা করা হয়েছে। যেমন - (১) যোহরের নামাযের সময় শুরু হয় সূর্য ঢলে পড়লে, অর্থাৎ মধ্যাকাশে হতে যেন সূর্য ঢলে পড়া থেকে আরম্ভ করে প্রত্যেক বস্তুর ছায়া অতি লম্বা হয়। অতঃপর ক্রমান্বয়ে ছায়াটি ছোট হতে থাকে যতক্ষন না সূর্য পশ্চিমে ঢলে পড়ে। যখন সূর্য ঢলে পড়ে তখন ছায়া আবার লম্বা হতে শুরু করে তখন যোহরের নামাযের সময় শুরু হয়। দ্বিতীয়বারের বস্তুর ছায়া লম্বা হওয়ার শুরু থেকে অনুমান করে নিতে হবে যে, এর ছায়া যখন বস্তুটির সমানের হয়ে যাবে তখন যোহরের নামাযের ওয়াক্ত শেষ হবে।

(২) আসরের নামাযের সময় হলো প্রত্যেক বস্তুর ছায়া তার সমান হওয়া থেকে শুরু করে সূর্য হলুদ বর্ণ বা লাল বর্ণের হওয়া পর্যন্ত।

আবু হুরাইরা (রা) এর হাদীস অনুযায়ী প্রয়োজনবাধে আসরের সময় সূর্যান্ত পর্যন্ত বেড়ে যেতে পারে; নবী (সাল্লালাছ মালাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন- যে ব্যক্তি ফজরের নামাযের এক রাকাআত সূর্যোদয়ের পূর্বে পেয়েছে, সে যেন ফজরের নামায পেয়েছে এবং যে ব্যক্তি আসরের নামাযের এক রাকাআত সূর্যান্তের পূর্বে পেয়েছে সে যেন আসরের নামায পেয়েছে। (রুখারী ও মুসলিম)

- (৩) মাগরিবের নামাথের সময় হলো সূর্যান্তের পর পশ্চিমাকাশে লালিমা অবশিষ্ট থাকা পর্যন্ত।
- (৪) ইশার নামাযের সময় লালিমা মিটে যাওয়ার পর থেকে মধ্যরাত পর্যন্ত, সুবহে সাদিক পর্যন্ত নয়। কেননা, এটা কুরআন ও হাদীসের বিরোধী। যেহেতু আল্লাহ তা'আলা ইরশাদ করেন- "নামায কায়েম করো সূর্য পশ্চিমে ঢলে পড়া থেকে রাত্রির অন্ধকার আচ্ছন্ন হওয়া পর্যন্ত।"

আর একথা বলেন নাই যে ফজর পর্যন্ত। হাদীস শরীফে স্পষ্টভাবে বলা হয়েছে যে, ইশার নামায মধ্যরাত পর্যন্ত, যেমনভাবে আব্দুল্লাহ ইবন আমর (রা) এর হাদীসে বর্ণিত হয়েছে।

(৫) ফজরের নামাযের সময় সুবহে সাদিক থেকে সূর্যোদয় পর্যন্ত। আর সুবহে সাদিক হলো- পূর্বাকাশের ঐ লম্বা সাদা রেখা, যার পরে আর কোন অন্ধকার থাকে না। এ হচ্ছে নির্ধারিত সময়সূচী।

"এই নির্ধারিত সময়গুলো ঐ সকল স্থানের জন্য প্রযোজ্য যেখানে চব্বিশ ঘন্টা দিন-রাত হয় চাই রাত-দিন সমান হোক অথবা কমবেশী হোক। যে সকল স্থানে চব্বিশ ঘন্টায় রাত-দিন সেসব স্থানের দু'টি অবস্থা হয় সে অবস্থাটি সারা বছর বিরাজমান থাকবে অথবা বছরের কিছু অংশে থাকবে। যদি বছরের কিছু অংশ এ রূপ হয়, যেমন এ সকল স্থানে বছরের সকল ঋতুতে রাত-দিনের স্থিতিকাল চব্বিশ ঘন্টা, কিন্তু কোন কোন ঋতুতে সেখানে রাতের স্থিতিকাল চব্বিশ ঘন্টা কিংবা ততোধিক এবং দিনের অবস্থাও অনুরূপ হয়। তাহলে এমতাবস্থায় প্রকৃতি দিগত্তে কোন জীবন্ত নিদর্শন পরিলক্ষিত হবে যা দ্বারা সময় নির্ধারিত করা সম্ভব হবে। যেমন আলোর দীপ্তি বৃদ্ধি পাওয়া অথবা সম্পূর্ণরূপে নিম্প্রভ হয়ে পড়া। এ ক্ষেত্রে ঐ নিদর্শন অনুযায়ী সময় বিভাজন করতে হবে। নতুবা সেরূপ নিদর্শন পরিলক্ষিত হবে না। রাত-দিন অব্যাহত থাকার পূর্বেই দিন শেষে সময়ের পরিমাণ অনুযায়ী নামাযের সময় নির্ধারণ করতে হবে। এমতাবস্থায় ধরে নিলাম যে রাত অব্যাহত থাকার পূর্বে চবিবশ ঘন্টা ছিলো এবং দিন অবশিষ্ট অংশে ছিলো। অতএব আমরা চবিবশ ঘন্টা ধরবো এবং বাকী অংশকে দিন ধরবো। আর এ ক্ষেত্রে ইতিপূর্বে নামাযের সময় নির্ধারণ করার ব্যাপারে যে নীতি অবলম্বন করা হয়েছে তা অনুসরণ করবো।

আর যদি সে সকল স্থানে এমন হয় যেখানে বছরের সব ঋতুতেই রাত দিনের স্থিতিকাল চব্বিশ ঘন্টা হয় তাহলে সময় অনুপাতে নামাযের ওয়াক্ত স্থির করতে হবে। এ প্রসঙ্গে সহীহ মুসলিমে একখানি হাদীস রয়েছে নাওয়াস বিন সামআন (রা) থেকে বর্ণিত- দাজ্জাল পৃথিবীতে কত দিন অবস্থান করবে সাহাবীগণ রাসূল (সাল্লাল্ল আলাইছি জ্যা সাল্লাম)কে জিজ্ঞাসা করলে তিনি বলেন চব্বিশ দিন। প্রথম দিনটি হবে এক বছরের সমান। দ্বিতীয় দিনটি হবে এক মাসের সমান। তৃতীয় দিনটি হবে এক সপ্তাহের সমান। আর বাকী দিনগুলো হবে তোমাদের এদিনগুলোর মত। তখন সাহাবীগণ জিজ্ঞাসা করলেন হে আল্লাহর রাসূল যে দিনটি এক বছরের সমান হবে ওতে একদিনের নামায় পড়া কি আমাদের জন্য যথেষ্ট হবে ? তিনি বললেন- "না! এদিনটিকে সাধারণ দিনের সমান অনুমান করে নিও।"

যখন একথা প্রমাণিত হয়ে গেল যে, যে স্থানে দিন-রাতের আগমন-নির্গমন হয় না সেখানে অনুমান করে সময় নির্ধারণ করতে হবে। তাহলে কিভাবে নির্ধারিত করতে হবে?

কতিপয় আলীমের অভিমত হলোঃ সেটি স্বাভাবিক সময় দিয়ে নির্ধারণ করতে হবে। বার ঘন্টায় রাত ধরতে হবে। তেমনিভাবে দিনও। কারণ সময় নির্ধারণের ক্ষেত্রে যখন খোদ সেই স্থানটিকেই ধরা যাচ্ছে না তখন ঐ স্থানের সময় নির্ধারণের ক্ষেত্রে স্বাভাবিক স্থানগুলোর উপর কিয়াস করতে হবে। যেমন- মুস্তাহাযা মহিলা (রক্তপ্রদর রোগিনী) যার স্বাভাবিক ও নির্দিষ্টভাবে রক্তপ্রাব হয় না।

অপরদিকে কতিপয় আলিম বলেন- ঐ স্থানে নিকটতম দেশের সময় অনুযায়ী নির্ধারণ করতে হবে কারণ যখন স্বয়ং সেই স্থানটিকে মাপকাঠি হিসেবে গ্রহণ করা কষ্টকর তখন তার সবচে নিকটবর্তী স্থানকে মাপকাঠি হিসেবে গ্রহণ করতে হবে। আর সেটি হলো সেই স্থানের নিকটতম দেশ যেখানে চব্বিশ ঘন্টায় রাত দিন হয়। এই উক্তিটি অধিকতর গ্রহণযোগ্য। কারণ এটি যুক্তির নিরিখে বলিষ্ঠতর এবং বাস্তবতার নিকটতর। আল্লাহই স্ব্বাধিক জ্ঞাত।"

দিতীয় পরিচেছদ

নির্ধারিত সময়ে নামাযের কার্যাবলী সম্পাদন করা উহা সময়ের অগ্রপশ্চাতে করার হুকুম

সকল নামায তার নির্ধারিত সময়ে আদায় করা ওয়াজিব আল্লাহ তা'আলার নির্দেশানুসারে-

"নিশ্চয়ই নির্ধারিত সময়ে নামায আদায় করা মুমিনের উপর ফরয করা হয়েছে।" [৪ঃ১০৩]

আল্লাহ তা'আলার এ কথাও এর সাক্ষ্য বহন করে-

﴿ أَقِمِ ٱلصَّلَوٰةَ لِدُلُوكِ ٱلشَّمْسِ إِلَى غَسَقِ ٱلَّيْلِ وَقُرْءَانَ ٱلْفَجْرِ لِلهِ عَسَقِ ٱلَّيْلِ وَقُرْءَانَ ٱلْفَجْرِ كَانَ مَشْهُودًا ﴾ .

"নামায কায়েম করো পশ্চিমে সূর্য ঢলে পড়ার সময় থেকে রাতের অন্ধকার আচ্ছন হওয়া পর্যন্ত আর ফজরের সময় কুরআন পাঠ করো, কেননা, ফজরের কুরআন পাঠের সময় ফেরেশতা উপস্থিত থাকেন।" আর এখানে যে আদেশ করা হয়েছে তা ওয়াজিব।
আব্দুল্লাহ ইবন ওমর (রা) থেকে বর্ণিত- নবী (সাল্লাল্লাল্লাল্লাই জ্যা সাল্লাম) একদিন নামাযের আলোচনা করেন, অতঃপর
ইরশাদ করেন- "যে ব্যক্তি নামাযের সময়ের দিকে লক্ষ্য
রেখে যথা সময়ে নামায আদায় করবে, তার জন্য রয়েছে
একটি জ্যোতি, দলিল (প্রামাণ্য এবং কিয়ামতের দিনে
ভয়াবহ শাস্তি থেকে) পরিত্রাণ পাবে। আর যে ব্যক্তি
নামাযের সময়ের হেফাজত করবে না, তার জন্য জ্যোতি,
প্রামাণ থাকবে না এবং কিয়ামত দিবসে পরিত্রাণও পাবে
না। কিয়ামতের দিবসে তার হাশর হবে অভিশপ্ত কারুন,
ফিরাউন, হামান, উবাই ইবন খালফ এর সাথে। (আহমদ)

নির্ধারিত সময়ের কিছু পূর্বে বা সম্পূর্ণ পূর্বে নামায আদায় করা কোন মুসলমানের উচিত হবে না। কেননা তা আল্লাহর সীমালংঘন ও তাঁর আয়াতসমূহকে উপহাস করার শামিল। হাঁা, যদি অজানাবস্থায় বা ভুলবশতঃ অথবা অসতর্ক অবস্থায় কেউ এরূপ করে তাতে কোন পাপ নেই। সে তার কর্মের ফল ভোগ করবে। আর সময় আসা মাত্র নামায আদায় করা তার জন্য ওয়াজিব হবে। কেননা, নির্ধারিত সময়ে নামায আদায় করার আদেশ দেওয়া হয়েছে। কাজেই যখন সে সময় আসার পূর্বেই নামায আদায় করেছে, তার নামায হয়নি এবং সে তার দায়িত্ব থেকেও মুক্তি পায়নি। নবী (সাল্লাল্ছ আলাইছি ওয়া সাল্লাম) এর হাদীসানুসারে ইমাম মুসলিম- হযরত আয়েশা (রা) থেকে বর্ণিত করেন- "যে ব্যক্তি এমন আমল করল যে সম্পর্কে শরীয়তে কোন নির্দেশ নেই, তা অবশ্যই প্রত্যাখ্যান যোগ্য।"

কোন মুসলামানের এটা উচিত নয় যে, সে নির্ধারিত সময়ের পরে নামায আদায় করে, কেননা, তা আল্লাহ তা'আলার নির্দেশের সীমালংঘন ও তাঁর আয়াতের প্রতি বিদ্রূপের শামিল। কেউ যদি বিনা ওজরে এরূপ করে তবে সে গুনাহগার হবে। এতে তার নামায কবূল হয় না, বরং প্রত্যাখ্যাত হয়। উল্লেখিত আয়েশা (রা) এর হাদীসানুসারে সে তার দায়িত্ব হতে মুক্ত হতে পারে না। তার উপর ওয়াজিব সে যেন আল্লাহর নিকট অনুতপ্ত হয়, আর অবশিষ্ট জীবন সৎ কাজে ব্যয় করে। আর সে যদি কোন ওযরের কারণে যথা সময়ে নামায আদায় করতে দেরী করে, যেমন ঘুমিয়ে যাওয়া বা ভুলে যাওয়া অথবা কোন ব্যস্ততার কারণে- এ ধারণা করে যে, নামায দেরীতে আদায় করাই জায়েয তার নির্দিষ্ট সময় হতে, যখন এমন ওযর দূর হবে আনাস (রা) এর হাদীসানুসারে নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন- "যে ব্যক্তি নামায আদায় করার কথা ভুলে যায়, সে তখনই আদায় করবে, যখন তার স্মরণে আসে।" এমতাবস্থায় ঐ নামায আদায় করা ছাড়া কোন কাফ্ফারা নেই।

অন্য বর্ণনায় আছে- যে নামাযের কথা ভুলে যায় অথবা নামায রেখে ঘুমিয়ে যায়। (বুখারী ও মুসলিম)

কোন ওজরে যদি কয়েক ওয়াক্তের নামায কাযা হয়ে যায়, তবে ওযর দূর হলে সে আগের নামায আগে এবং পিছের নামায পিছে এমনিভাবে আদায় করে নেবে। সে যেন এজন্য বিলম্ব না করে। সে প্রত্যেক নামায তার ওয়াক্তে আদায় করবে। জাবের ইবনে আব্দুল্লাহর হাদীস প্রমাণ করে নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম) খন্দকের যুদ্ধে সূর্যান্তের পর ওয়ু করে আসরের নামায আদায় করেন। অতঃপর মাগরিবের নামায আদায় করেন। (বুখারী ও মুসলিম) তাছাড়া আবু সাঈদ খুদরী (রা) থেকে উহা বর্ণিত আছে তিনি বলেন, খন্দকের যুদ্ধে মাগরিবের পরও কিছু রাত পর্যন্ত আমাদের নামায আদায় করার সুযোগ হয়নি। বর্ণনাকারী বলেন- নবী (সাল্লাল্লাছ আলাইহি এয়া সাল্লাম) বেলাল (রা)কে ডাক দিয়ে ইকামাত দিতে বলেন- অতঃপর সে যোহরের ইকামাত দিলে তিনি অতি উত্তমরূপে তা আদায় করেন।

তারপর আসরের ইকামাত দেয়ার আদেশ দেন, অতঃপর নবী (সাল্লাল্ল আলাইহি ওয়া সাল্লাম) অতি উত্তমরূতে আসরের নামায আদায় করেন যেসনভাবে আসরের ওয়াতে আদায় করতেন। আবার তাকে মাগরিবের নামায়ের

ইকামাত দিতে বলা হয়, এভাবে তিনি মাগরিবের নামায আদায় করেন। (আহমদ)

কাযা নামায এভাবে আদায় করবে যেভাবে তা ওয়াক্তে আদায় করা হয়। উক্ত হাদীসই এ কথার প্রমাণ করে। আর আরু কাতাদাহর (রা) হাদীস থেকে জানা যায়, সফরে একবার নবী (সাল্লান্ন আলাইই ওরা সাল্লাম) এর সঙ্গে তারা ফজরের নামায রেখে সূর্যোদয় পর্যন্ত ঘূমিয়ে ছিলেন। আরু কাতাদাহ (রা) বলেন- বেলাল (রা) নামাযের আযান দেন, অতঃপর নবী (সাল্লান্ন আলাইই ওরা সাল্লাম) দু'রাকাআত সুনাত নামায আদায় করেন, তারপর ফজরের নামায আদায় করেন, এরূপে যেমনভাবে প্রতিদিন করে থাকেন। (মুসলিম) একথার উপর ভিত্তি করে বলা হয়েছে যে, রাতের ছুটে যাওয়া (জেহরী) নামায দিনে আদায় করলে নামাযের কিরাত স্বশব্দে পড়তে হবে। আর দিনের ছুটে যাওয়া নামায রাতে আদায় করা হলে নামাযের কিরাত মনে মনে পড়তে হবে।

প্রথমটির প্রমাণ হলো আবু কাতাদার (রা) হাদীস।
আর দ্বিতীয়টির প্রমাণ হলো আবু সাঈদ খুদরীর (রা)
হাদীস। কোন কারণবশতঃ কাযা নামায পরস্পর না হলে
কোন অসুবিধা হবে না। তার উপর যে কাযা নামায আছে
সে কথা ভুলে পরবর্তী নামায আগে পড়ে ফেলে, তারপর
স্মরণ হলে সে উক্ত নামায কাযা পড়বে, আর এজন্য

পেছনের নামযটি দিতীয়বার পড়তে হবে না। এর দলীল হচ্ছে আল্লাহ তা'আলার পবিত্র বাণীঃ

﴿ رَبُّنَا لَا تُوَاخِذُنَا إِن نُسِينَا أَوْ أَخْطَأَنَّا ﴾ .

"হে আমাদের রব! আমরা যদি ভুলে যাই কিংবা দোষ করে ফেলি, তাহলে আমাদেরকে পাকড়াও করো না।" (২ঃ২৮৬)

আমাদের অভিমত ঃ যখন কোন ব্যক্তির স্মরণ হবে যে, তার কাযা নামায আছে, আর উপস্থিত নামাযের সময়ও শেষ প্রায়, এমতাবস্থায় তিনি বর্তমানের নিয়তে বর্তমানের নামায আদায় করবেন। তারপর কাযা নামায আদায় করবেন। কেননা, বর্তমানের নামায সময় যাওয়ার আগে আদায় না করলে দু'নামাযই কাযা হয়ে যাবে।

আর সর্বাপেক্ষা উত্তম পত্না হলো প্রথম ওয়াজে নামায আদায় করা, কেননা, এটাই ছিল নবী (সাল্লাল্ছ আলাইহি ধ্রা সাল্লাম) এর কাযা নামাযের দায়িত্ব প্রতিপালনের মাধ্যমে দায়িত্বমুক্ত হওয়া এবং কল্যাণের দিকে অগ্রসর হওয়া।

সহীহ বুখারীতে আবু বারযাহ আসলামী (রা) বর্ণিত আছে যে, জিজ্ঞেস করা হলো যে, নবী (সাক্লাক্ল আলাইহি এয়া সাক্লাম) ফর্য নামায কোন সময়ে আদায় করতেন ? তিনি বললেনঃ যোহর যাকে তোমরা প্রথম নামায বলো- সূর্য যখন পশ্চিমে ঢলে পড়তো। আর আসর পড়তেন যারপর আমাদের কেউ

মদীনার শেষ প্রান্তে তার বাড়ীতে ফিরে অথচ তখনও সূর্যের তাপ প্রখর থাকতো।

সহীহ বৃখারীতে আনাস (রা) থেকেও একটি বর্ণনা আছে- নবী (সাল্লাল্লছ আলাইছি ওয়া সাল্লাম) এমন সময় আসরের নামায পড়তেন যখন সূর্য উচ্চ ও উজ্জ্বল থাকতো। অতঃপর কেউ আওয়ালীর (উচু আবাসভূমি) দিকে যেত এবং তথায় পৌছার পরও সূর্য উপরে থাকতো, অথচ আওয়ালীর কোন কোন অংশ মদীনা হতে চার মাইল দূরে অবস্থিত ছিল। অন্য বর্ণনায় আছে আমরা আসর নামায আদায় করতাম, অতঃপর আমাদের কেউ কোবার দিকে গিয়ে সেখান থেকে আবার ফিরে আসতো, তখনও সূর্য উপরে থাকতো।

বর্ণনাকারী বলেন- নবী (সাল্লাল্ল্ছ আলাইছি ওয়া সাল্লাম) মাগরিব সম্পর্কে কি বলেছেন তা আমি ভুলে গেছি। কিন্তু এ সম্পর্কে ইমাম মুসলিম বলেন যে, সালামা ইবন আকওয়া (রা) বর্ণনা করেন, নবী (সাল্লাল্ল্ছ আলাইছি ওয়া সাল্লাম) সূর্যান্তের পর কিছুটা অন্ধকার হলে তারপর মাগরিবের নামায আদায় করতেন। রাফে ইবনে খাদীজ (রা) বর্ণনা করেন- আমরা রাসূলুল্লাহ (সাল্লাল্ল্ছ আলাইছি ওয়া সাল্লাম) এর সাথে মাগরিবের নামায আদায় করতাম, অতঃপর আমাদের কেউ (নামায শেষে) ফিরতো, আর তখন সে তার তীর পড়ার স্থান দেখতে পেতো। ঈশা যাকে তোমরা আলোদা বলো তিনি দেরী

করে আদায় করতে ভালবাসতেন এবং এর পূর্বে নিদ্রা যাওয়া এবং পরে কথা বলা অপছন্দ করতেন। তিনি ফজরের নামায হতে এমন সময় অবসর গ্রহণ করতেন, যখন কেউ কাছে ঘেষে বসা ব্যক্তিকে চিনতে পারতো না এবং এতে ষাট হতে একশ আয়াত পর্যন্ত পড়তেন।

বৃখারী ও মুসলিমে জাবের (রা) থেকে বর্ণিত আছে যে, নবী (সাল্লাল্লাছ সালাইছি এয়া সাল্লাম) ঈশার নামায কখনও কখনও (বেশী রাত না করে) তাড়াতাড়ি আদায় করতেন, যখন দেখতেন লোকজন সব এসে গেছে। আবার বিলম্বেও আদায় করতেন যখন দেখতেন সব লোক এখনও এসে উপস্থিত হয়নি। আর ফজর আদায় করতেন অন্ধকার থাকাবস্থায়।

সহীহ বুখারীতে আয়েশা (রা) থেকে বর্ণিত আছে, তিনি বলেনঃ মুসলিম নারীগণ নিজেদের চাঁদর মুড়ি দিয়ে রাসূলুল্লাহ (সাল্লাল্ আলাইহি এয়া সাল্লাম) এর সাথে ফজর নামাযের জামায়াতে উপস্থিত হতেন। অতঃপর তারা নামায আদায় করে নিজেদের ঘরে ফিরে যেতেন অথচ অন্ধকার হেতু তাদের চেনা যেতেনা।

সহীহ মুসলিমে ইবনে ওমর (রা) থেকে বর্ণিত আছে- তিনি বলেনঃ আমরা এক রাতে ঈশার নামাথের জন্য রাসূলুল্লাহ (সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম) এর অপেক্ষা করতেছিলাম। অতঃপর তিনি বেরিয়ে আসলেন যখন রাতের এক তৃতীয়াংশ অতিবাহিত হয়ে গিয়েছিল অথবা এর কিছু পর। (আমরা জানিনা কোন কাজ তাকে আবদ্ধ রেখেছিল, তার পরিবার বা এছাড়া অন্য কিছু। যখন তিনি বেরিয়ে আসলেন তখন তিনি বললেনঃ তোমরা এমন একটি নামাযের জন্য প্রতীক্ষা করছ, যার জন্য অপর কোন ধর্মাবলম্বীরা প্রতীক্ষা করেনা।) যদি আমি আমার উম্মতের পক্ষে বোঝা হবে একথা মনে না করতাম, তাহলে তাদের নিয়ে এ নামায আমি এ সময়েই পড়তাম। অতঃপর তিনি মুয়াজ্জিনকে নিদের্শ দেন, তিনি ইকামত দিলে নবী (সাল্লাল্লছ আলাইহি ওয়া সাল্লাম) নামায পড়ান।

সহীহ বুখারীতে আবু যর গিফারী (রা) থেকে বর্ণিত আছে- তিনি বলেনঃ আমরা এক সফরে নবী (সাল্লাল্ছ আলাইছি ওয়া সাল্লাম) এর সাথে ছিলাম মুয়াজ্জিন যোহরের আযান দেয়ার ইচ্ছা করলে নবী (সাল্লাল্ছ আলাইছি ওয়া সাল্লাম) বলেনঃ কিছু সময় ঠাণ্ডা হতে দাও। মুয়াজ্জিন আবার আযান দেয়ার ইচ্ছা পোষণ করলে তিনি বলেনঃ আরো কিছু সময় ঠান্ডা হতে দাও। এমনকি আমরা 'ফাইয়ে তালুল' অর্থাৎ আমরা যাকে বস্তুর ছায়া বলি তা দেখলাম। অতঃপর নবী (সাল্লাল্ছ আলাইছি ওয়া সাল্লাম) বলেন ঃ উত্তাপের অধিক দোযথের তাপ, কাজেই যখন উত্তাপ বাড়বে তখন তা শীতল হওয়ার পর নামায আদায় করবে।

উল্লেখিত হাদীসে জানা যায় যে, দুই ওয়াজের নামায ব্যতীত অন্যান্য নামায প্রথম ওয়াজে পড়ার জন্য তাড়াতাড়ি করা সুন্নাত।

প্রথমত ঃ উত্তাপের আধিক্য হলে যোহরের নামাযের জন্য এতটা দেরী করতে হবে, যাতে উত্তাপ কিছুটা ঠাণ্ডা হয় এবং বস্তুর ছায়াও দীর্ঘ হয়।

দ্বিতীয়ত ঃ ঈশার নামায রাতের এক তৃতীয়াংশ পর্যন্ত দেরী করা যায়, তবে এ ব্যাপারে মুসল্লিদের দিকে লক্ষ্য রাখতে হবে। যখন দেখা যাবে মুসল্লিগণ সকলে উপস্থিত, তখন তাড়াতাড়ি নামায আদায় করতে হবে। আর যখন দেখা যাবে সকলে আসেননি তখন দেরী করা যাবে।

তৃতীয় পরিচ্ছেদ

কত্টুকু সময় পেলে নামাযের ওয়াক্ত পাওয়া যায় সে সম্পর্কে

এক রাকাআত নামায আদায় করার মত সময় পাওয়া গেলে ঐ ওয়াক্তটা পাওয়া গেছে বলে মনে করতে হবে। অর্থাৎ যদি কেউ নামাযের শেষ ওয়াক্তে এক রাকাআত নামায আদায় করার মত সময় পায়, তবে সে যেন ঐ নামাযের পূর্ণ ওয়াক্তটা পেয়ে গেল। তার প্রমাণ হচ্ছে আবু হুরাইরা (রা) এর হাদীস নবী (সাল্লাল্ল্ আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন- "যে ব্যক্তি নামাযের এক রাকাআত পেল সে যেন পূর্ণ নামায় পেল।" (বুখারী ও মুসলিম)

অন্য বর্ণনায় আছে, যে ব্যক্তি ফজরের নামাযের এক রাকাআত সূর্যোদয়ের পূর্বে পেল, সে যেন ফজরের নামাযকে পেল এবং যে ব্যক্তি আসরের নামাযের এক রাকাআত সূর্যান্তের পূর্বে পেল, সে যেন আসরের পূর্ণ নামায পেল। বুখারীর অন্য বর্ণনায় আছে ঃ যখন তোমাদের কেউ আসরের নামাযের এক সিজদা (রাকাআত) সূর্যান্তের পূর্বে করে ফেলে, সে যেন তার নামাযকে পূর্ণ করে দেয়। এরূপ যখন সূর্যোদয়ের পূর্বে ফজরের নামাযের একটি সিজদা (রাকাআত) পায়, সে যেন তার নামাযকে পূর্ণ করে নেয়। উল্লেখিত বর্ণনা এটার প্রমাণ করে দেয় যে, যদি শেষ ওয়াক্তের পূর্ণ রাকাআত পায়, তাহলে সে যেন পূর্ণ ওয়াক্তটা পেল। আর এও প্রমাণ করে যে, যে ব্যক্তি শেষ ওয়াক্তে এক রাকাআতের কম সময় পেল সে ঐ ওয়াক্ত পেলনা।

সময় প্রাসঙ্গিক আলোচনা দু'টি ঃ

(১) মোট কথা যে ব্যক্তি ওয়াক্তের মধ্যে এক রাকাআত নামায পায়, তখন তার পূর্ণ নামায আদায় হয়ে যায়। কিন্তু তার অর্থ এটা নয় যে, কিছু নামায তার জন্য ওয়াক্তের পরে পড়া জায়েজ হবে, কেননা পূর্ণ নামাযটা তাকে ওয়াক্তের মধ্যে আদায় করতে হবে, ওয়াক্তের বাইরে নয়।

সহীহ মুসলিমে আনাস (রা) থেকে বর্ণিত আছেতিনি বলেনঃ আমি নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম)কে বলতে
শুনেছি, তিনি ইরশাদ করেন যে, এটা মুনাফেকের নামায
যে বসে বসে সূর্যের অপেক্ষা করে, যতক্ষণ না সূর্য হলুদ
বর্ণের হয় এবং শয়তানের দুই শিংয়ের মধ্যখানে আসে;
তখন সে উঠে তাড়াহুড়া করে চারটি ঠোকর মারে, এতে
সে আল্লাহকে খুব কমই স্মরণ করে।

(২) এক রাকাআত নামায পড়ার সমান সময় পেলে তার উপর নামায আদায় করা ওয়াজিব হবে এতে প্রথম ওয়াক্তেই হোক অথবা শেষ ওয়াক্তেই হোক।

প্রথম ওয়াক্তের উদাহরণ ঃ সূর্যান্তের পর এক রাকাআত কিংবা তার বেশী পরিমাণ নামাযের সময় অতিক্রান্ত হয়েছে এমতাবস্থায় কোন মহিলা ঋতুবর্তী হলে তার উপর মাগরিবের নামায ওয়াজিব হবে যদি সে নামায না পড়ে থাকে। যখন সে ঋতু থেকে পবিত্র হবে তখন তার উপর মাগরিবের উক্ত নামায কাযা করা ওয়াজিব হবে।

শেষ ওয়াক্তের উদাহরণ ঃ সূর্যোদয়ের পূর্বে এক রাকাআত কিংবা তার বেশী পরিমাণ নামাযের সময় থাকাকালে কোন ঋতুবর্তী মহিলা পবিত্র হলে তার উপর ফজরের নামায আদায় করা ওয়াজিব হবে। সূর্যান্তের পর এক রাকাআত নামায আদায় করার কম সময় থাকাকালে কোন মহিলা ঋতুবর্তী হলে অথবা সূর্যোদয়ের পূর্বে এক রাকাআত নামায আদায় করার কম সময় থাকতে মাগরিবের নামায, আর দ্বিতীয় মাসআলা অনুপাতে ফজরের নামায পড়তে হবে না, কেননা, উভয় মাসআলা প্রাপ্ত সময় এক রাকাআত নামায আদায় করার সময়ের চেয়েও কম।

চতুর্থ পরিচেছদ দুই নামাযকে কোন ওয়াক্তে একত্রিত করার হুকুম

ইতিমধ্যে দ্বিতীয় পরিচ্ছেদে উল্লেখিত হয়েছে যে, প্রত্যেক নামাযের কার্যাবলী নির্ধারিত সময়ে আদায় করা ওয়াজিব। আর এটাই হলো মৌলিক বিষয় কিন্তু বিশেষ অবস্থার পরিপ্রেক্ষিতে দুই ওয়াক্তের নামায একত্রিত করে পড়ার প্রয়োজন দেখা দিলে তারও অনুমতি রয়েছে। বরং এরও আদেশ দেয়া হয়েছে, আর এটাই আল্লাহ তা'আলার নিকট অতিপ্রিয় যা ইসলামী জীবন ব্যবস্থার অনুকুল। আল্লাহ তাঁর কালামের মাধ্যমে এর দিকে ইঙ্গিত করেছেন;

﴿ يُرِيدُ ٱللَّهُ بِحُمُ ٱلْيُسْرَولَا يُرِيدُ بِكُمُ ٱلْمُسْرَ ﴾.

"আল্লাহ তোমাদের কাজ সহজ করে দিতে চান, কোনরূপ কঠোরতা আরোপ বা কঠিন করে ভার দেয়া আল্লাহর ইচ্ছা নয়।" [২-১৮৫]

তিনি আরো বলেন-

﴿ هُوَ ٱجْتَلِكُمْ وَمَاجَعَلَ عَلَيْكُمْ فِي ٱلدِّينِ مِنْ حَرَجٌ ﴾ .

"তিনি তোমাদেরকে নিজের কাজের জন্য বাছাই করে নিয়েছেন এবং দ্বীনের ব্যাপারে তোমাদের উপর কোন সংকীর্ণতা চাপিয়ে দেননি।[২২-৭৮]

এ সম্পর্কে সহীহ বুখারীতে আবু হুরায়রা (রা) থেকে একটি বর্ণনা আছে- নবী (সাল্লাল্লছ আলাইহি ওয়া সাল্লাম) ইরশাদ করেন, "নিশ্চয়ই ইসলামী জীবন ব্যবস্থা সহজ। যে ব্যক্তি তাকে কঠোর করবে, তা তার পক্ষে কঠোর হয়ে পড়বে। সূতরাং তোমরা কঠোরতা ত্যাগ করে মধ্যমপত্থা অবলম্বন করবে এবং পরিমিতভাবে কাজ করবে কল্যাণের সুসংবাদ দিবে।"

বৃখারী ও মুসলিমে আবু মূসা আল-আশআরী (রা) থেকেও অনুরূপ বর্ণনা রয়েছে, নবী (সাল্লাল্ছ আলাইহি ওয়া সাল্লাম) আবু মুসা এবং মুআজকে ইয়ামান প্রদেশে প্রেরণের সময় উপদেশ দান করেন- "তোমরা লোকদের জন্য সহজসাধ্য কাজের নির্দেশ করবে; কষ্টদায়ক কাজের নির্দেশ করবে না; সুসংবাদ দিবে, নৈরাশ্যজনক কথা বলে ভীতশ্রদ্ধ করবেনা বরং ঐক্য সহকারে কাজ করবে; মতানৈক্য সৃষ্টি করবেনা।"

সহীহ মুসলিমের অন্য একটি রেওয়ায়েতে আছে-আরু মূসা থেকে বর্ণিত ঃ নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম) তাঁর কোন সাহাবীকে কোন কাজে প্রেরণ করলে উপদেশ দিতেন, সুসংবাদ দিবে, নৈরাশ্যজনক কথা বলে ভীতশ্রদ্ধ করবে না, তোমরা লোকদের জন্য সহজসাধ্য কাজের নির্দেশ করবে, কষ্টদায়ক কাজের নির্দেশ করবেনা।" তাছাড়া বুখারী ও মুসলিমে আনাস (রা) থেকে অনুরূপ বর্ণনা রয়েছে।

বর্ণিত হাদীসসমূহে পরিষ্কারভাবে বলা হয়েছে, দুই ওয়াক্তের নামায একত্রে পড়া হাদীসের অনুসারে যে কোন স্থানে কোন এক ওয়াক্তে যোহর এবং আসর অথবা মাগরিব ও ঈশা একত্রে পড়া যায়।

(১) সফরে ঃ কোথায়ও যাতায়াতকালে অথবা অবস্থান কালে উভয়াবস্থায় দু'ওয়াক্তের নামায একত্রে পড়া যায়।

সহীহ বুখারীতে আনাস (রা) থেকে বর্ণিত আছে, তিনি বলেনঃ নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম) পথ চলা অবস্থায় মাগরিব ও ঈশার নামায একত্রে পড়তেন।

সহীহ মুসলিমেও আনাস (রা) থেকে বর্ণিত আছে-তিনি বলেনঃ নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম) সফরে দু' নামায একত্রে পড়ার ইচ্ছা পোষন করলে যোহরকে আসরের প্রথম ওয়াক্ত পর্যন্ত দেরী করতেন। অতঃপর উভয় নামায একত্রে পড়তেন।

সহীহ মুসলিমে আব্দুল্লাহ ইবন আব্বাস (রা) থেকে বর্ণিত আছে- নবী (সাল্লাল্লাছ আলাইহি এয়া সাল্লাম) তাবুক যদ্ধের সফরে দু'নামায একত্রে পড়েছেন, তিনি যোহর এবং আসর, মাগরিব ও ঈশা একত্রে পড়েছেন।

সহীহ মুসলিমে মু'আয ইবন জাবাল (রা) থেকে বর্ণিত আছে- তিনি বলেনঃ আমরা রাসূলুল্লাহ (সাল্লাল্লান্ আলাইহি গ্যা সাল্লাম) এর সঙ্গে তাবুক যুদ্ধে রওয়ানা হয়েছিলাম। তিনি যোহর এবং আসর একত্রে আদায় করেন এবং পরে মাগরিব ও ঈশা একত্রে পড়েন।

সহীহ বুখারীতে আছে- আবু হুজাইফা (রা) থেকে বর্ণিত আছে, তিনি যখন নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম) এর নিকট আগমন করেন তখন তিনি দুপুরের সময় অর্থাৎ যোহরের সময় মক্কা শরীফের আবতাহ নামক স্থানে অবস্থান করছিলেন। বর্ণনাকারী বলেনঃ বেলাল (রা) বের হয়ে নামাযের আজান দেন ও পরে ভিতরে প্রবেশ করে নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম) এর ওযূর অবশিষ্ট পানি নিয়ে আগমন করলে সাহাবীগণ ঐ পানি গ্রহণের জন্য ভীড় জমায়। আবার প্রবেশ করে নবী (সাল্লাল্লাহ আলাইহি ওয়া সাল্লাম) এর লাঠি বের করেন। অতঃপর তিনি চামড়ার বানানো তাঁবু থেকে বের হন। বর্ণনাকারী বেলন ঃ আমি যেন নবী (সাল্লাল্লাছ্ আলাইহি ওয়া সাল্লাম) এর পায়ের ছোট গিরার উপরে শুভ্র অংশটা দেখতে পাচ্ছ। তিনি তাঁর লাঠিটা মাটিতে পুঁতে দিলেন। অতঃপর যোহর ও আসরের দু' দু' রাকাআত করে নামায আদায় করেন।

এ সকল হাদীস দ্বারা স্পষ্ট বুঝা যায় যে, নবী (সাল্লাল্লাল্লাইছি ওয়া সাল্লাম) সফরের মধ্যে অবস্থানকালীন অবস্থায় দুলামায একত্রে আদায় করেছেন। একত্রে নামায পড়ার অনুমতি রয়েছে এটা জানানোর জন্য এরপ করা প্রয়োজনছিল। আর এটা সত্য যে, হজ্জের সময় মিনায় অবস্থানকালে দু'নামায একত্রে পড়েননি! একথার উপর ভিত্তি করে আমরা বলতে পারি যে, অবস্থানকারী মুসাফিরের জন্য দুলামায একত্রে না পড়াটাই উত্তম হবে, আর যদি একত্রে পড়ে তবে কোন গুনাহ হবে না। হ্যা একত্রে নামায পড়ার প্রয়োজন পড়তে পারে, ক্লান্তির পর বিশ্রামের জন্য অথবা প্রতি ওয়াক্তে পানির সন্ধান করা কঠিন মনে করে, ঐসব কারণে অব্যাহতির সুযোগ গ্রহণ করে দু'নামায একত্রে পড়াই উত্তম হবে।

আর ভ্রাম্যমান মুসাফিরের জন্য যোহর, আসর এবং মাগরিব ও ঈশা সহজ পত্না অবলম্বনে একত্রে পড়াটাই উত্তম। "জমা তাকদীম" (অগ্রিম একত্রীকরণ) যে দ্বিতীয় ওয়াক্তের নামাযটা প্রথম ওয়াক্তের আদায় করে অথবা "জমা তা'খীর" (পরবর্তীতে একত্রীকরণ) প্রথম ওয়াক্তের নামাযটা দ্বিতীয় ওয়াক্তে আদায় করা।

সহীহ বুখারী ও সহীহ মুসলিমে আনাস (রা) থেকে বর্ণিত আছে- রাসূলুল্লাহ (সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) সূর্য পশ্চিম আকাশে ঢলে পড়ার পূর্বেই যদি প্রস্থান করতেন তবে যোহরকে আসরের ওয়াক্ত পর্যন্ত পিছিয়ে দিতেন অতঃপর অবতরণ করে দু' নামায একত্রে আদায় করতেন। আর মন্যিল ত্যাগের পূর্বেই যদি সূর্য ঢলে যেত তখন তিনি যোহরের নামায পড়ে আরোহন করতেন।

(২) প্রয়োজনের খাতিরে দু' ওয়াক্তের নামায একত্রে পড়ার অনুমতি পরিত্যাগ করা উচিত নয়, চাই যে কোন অবস্থায়ই হোক, গৃহে অবস্থানকালে অথবা সফরে। কেননা, সহীহ মুসলিমে ইবন আব্বাস (রা) থেকে বর্ণিত আছে- নবী (সাল্লাল্লছ আলাইছি ওয়া সাল্লাম) মদীনা অবস্থানকালে যোহর ও আসর একত্রে এবং মাগরিব ও ঈশার নামায একত্রে আদায় করেছেন। সেখানে না ছিল কোন ভয় এবং না ছিল বৃষ্টিপাত। বলা হলো এরূপ কেন করলেন ? তিনি বললেন যাতে উদ্মতের অসুবিধা না হয়।

মু'আজ ইবন জাবাল (রা) থেকে বর্ণিত আছে- তিনি বলেন ঃ রাসূলুল্লাহ (সাল্লাল্লাল্লাহ্যি ওয়া সাল্লাম) তাবুকের যুদ্ধে যোহর ও আসর একত্রে এবং মাগরিব ও ঈশার নামায একত্রে আদায় করেছেন। জিজ্ঞেস করা হলো এরূপ করতে তাঁকে কিসে উদ্ধুদ্ধ করলো ? তিনি বললেনঃ তাঁর ইচ্ছা যাতে তাঁর উম্মতের অসুবিধা না হয়। উক্ত হাদীস দু'টিতে এটাই প্রমাণ করে যে, যখনই দু' ওয়াক্তের নামায একত্রে পড়ার প্রয়োজন হবে, আর তখন তার অনুমতি রয়েছে, সেটা গৃহে অবস্থানকালে হোক অথবা সফরে।

সাইখুল ইসলাম ইবন তাইমিয়া (র) বলেন- এ সকল হাদীস প্রমাণ করে যে, উদ্মতের অসুবিধা দূর করার জন্য দু' নামায একত্রে পড়ার অনুমতি রয়েছে। আর একথাও প্রমাণ করে যে, রোগের কারণে রোগীর উপর পৃথকভাবে তথা ওয়াক্তে ওয়াক্তে নামায পড়ার অসুবিধা হয়। সে উত্তমভাবেই কয়েক ওয়াক্তের নামায একত্রে পড়তে পারে।

মুস্তাহাযা (সর্বদা রক্তস্রাব) ও অন্যান্য অসুখের কারণে প্রত্যেক ওয়াক্তের পুনঃ পবিত্রতা অর্জন করা সম্ভব হচ্ছে না এমন রোগীর দু' ওয়াক্তের নামায একত্রে আদায় করতে পারে।

"আল-ইনসাফ" নামক পুস্তকে শাইখুল ইসলাম ইবন তাইমিয়ার একটি ফতওয়া পাওয়া যায় যে, যদি নামায তার নির্ধারিত ওয়াক্তে আদায় করলে জামায়াত হয় না, এমতাবস্থায় উভয় নামায একত্রে আদায় করা যায়। এর দলীল ইবন আব্বাস (রা) এর হাদীস, যাতে বৃষ্টির কারণে উভয় নামায একত্রে আদায় করার অনুমতি আছে এটা একমাত্র জামায়াতে নামায পড়ার উদ্দেশ্যে ছিল। কেননা, প্রত্যেকেরই এটা নামাযের ওয়াক্তে একাকী পড়ে নেয়া সম্ভব ছিল। আর জামায়াত ছাড়াই বৃষ্টি থেকে বেঁচে যেত।

(৩) হজ্জের দিনগুলোতে আরাফা ও মুজদালিফায় দু' নামায একত্রে আদায় করার বিধানঃ সহীহ মুসলিমে জাবের ইবন আব্দুল্লাহ (রা) থেকে বর্ণিত আছে- নবী (সাল্লাল্ছ আলাইহি ওয়া সাল্লাম) এর হজ্জেও বর্ণনায় রয়েছে যে, তিনি আরাফাতে আগমন করলে তাঁর অনুমতিতে তাঁর জন্য একটি চামড়ার তাঁবু বানিয়ে দেয়া হয় সেখানে তিনি সূর্য ঢলে পড়া পর্যন্ত অবস্থান করেন। অতঃপর পথ চলার জন্য উটের লাগাম প্রস্তুত করার আদেশ দেন। তারপর তিনি সে মন্যলি ত্যাগ করে "বাতনে ওয়াদী" নামক স্থানে উপস্থিত জনতার সামনে খুৎবা দেন। বর্ণনাকারী বলেন- সেখানে আযান দেয়া হলে ইকামাত দেয়ার পর যোহরের নামায আদায় করেন। অতঃপর দিতীয়বার ইকামাত দেয়া হলে আসরের নামায আদায় করেন। আর উভয় নামাযের মধ্যে অন্য কোন নামায আদায় করেননি।

আর সহীহ বুখারী ও সহীহ মুসলিমে উসামা ইবন যায়েদ (রা) থেকে বর্ণিত আছে- তিনি আরাফা থেকে মুযদালিফায়ে গমনে নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম) এর পিছনে একই যানবাহনে ছিলেন। তিনি বলেন- পথিমধ্যে নবী (সাল্লাল্লাছ আলাইহি ওয়া সাল্লাম) একস্থানে অবতরণ করে প্রস্তাব করেন এবং সাধারণভাবে ওয়ুর কার্য সমাধা করেন। আমি তাঁকে জিজ্ঞেস করলাম "নামায"। জবাবে তিনি বলেন- নামায তোমার অগ্রবর্তী স্থানে। অতঃপর তিনি যানবাহনে আরোহন করে মুযদালিফায় এসে অবতরণ করেন। সেখানে

তিনি অতি উত্তমভাবে ওয়ু করেন। এরপর নামাযের ইকামাত দেয়া হলে মাগরিবের নামায আদায় করেন।

সেখানে সকলে নিজ নিজ উট স্বীয় স্থানে বসান। অতঃপর ঈশার নামাযের ইকামাত দেয়া হলে ঈশার নামায আদায় করেন। আর উভয় নামাযের মাঝে অন্য নামায পড়েননি।

সহীহ মুসলিমে জাবের (রা) থেকে বর্ণিত আছে- নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম) মুযদালিফাতে মাগরিব ও ঈশার নামায এক আযানে এবং দুই ইকামাতে আদায় করেন।

উক্ত হাদীসদ্বয় থেকে জানা যায় নবী (সাল্লাল্ছ আলাইছি এয়া সাল্লাম) আরাফাতে যোহর ও আসর একত্রে আদায় করেন। এটা ছিল তাঁর "জমা তাকদীম" অর্থাৎ যোহরের ওয়াক্তে আসরের নামাযটাও পড়ে নেয়া। আর মাগরিব ও ঈশা একত্রে পড়াটা ছিল "জমা তা'খীর" (অর্থাৎ মাগরিবের নামায দেরী করে ঈশার নামাযের একটু অগ্রভাগে পড়ে নেয়া।) এ দু' নামায একত্রে পড়া সম্পর্কে আলোমদের মাঝে মতানৈক্য থাকায় আমরা ভিন্ন ভিন্নভাবে আলোচনা করছি। বলা হয় যে, এটা ছিল সফরে। এতে চিন্তা ও আলোচনার প্রয়োজন আছে, কারণ নবী (সাল্লল্লছ আলাইছি ওয়া সাল্লাম) আরাফার পূর্বে মিনাতে এবং আরাফা থেকে প্রত্যাবর্তনকালে দু' নামায একত্রে পড়েননি। আরো বলা হয়েছে যে, এটা ছিল কুরবানীর দিনে। এতেও আলোচনার

ও চিন্তার বিষয় আছে। কেননা, যদি তাই হয় তবে নবী (সাক্লাক্সাহ আলাইহি ওয়া সাক্লাম) ইহরাম বাঁধার সময় দু' নামায একত্রে পড়তেন।

এও বলা হয় যে, এটা ছিল প্রয়োজনের তাগিদে।
এটাই অধিক গ্রহণযোগ্য যে, আরাফাতে অধিক সময়
অবস্থান করা এবং দৃ'আর জন্য দৃ' নামায একত্রে আদায়
করেছেন। কেননা, মানুষ সেখানে বিভিন্ন স্থানে অবস্থান
করে। সকল নামাযের জন্য একত্রিত হলে কঠিন অবস্থা
দাঁড়াবে। আর যদি একাকি নামায পড়ে, তবে জামায়াতে
পড়ার একটা বড় রকমের মহত্ব ছুটে যায়। কিন্তু
মুযদালিফাতে দৃ' নামায একত্রে আদায় করা অতি জরুরী।
কেননা, মানুষ সূর্যান্তের পর আরাফাত থেকে রওয়ানা হয়।
আর যদি মাগরিবের নামায পড়ার জন্য বাধা দেয়া হয়,
তাহলে মানুষ বিনয় ও নমতা ছাড়াই নামায আদায় করবে।
আর যদি রাস্তায় নামায পড়ে তাহলে এটা সুকঠিন হবে।
অতএব মাগরিবের নামাযকে ঈশার নামাযের সময় পর্যন্ত বিলম্ব করা প্রয়োজন।

এভাবে সঠিক সময়ে নামাযকে একত্রিক করার উদ্দেশ্য হলো, নামাযের মধ্যে খোদাভীতি ও বিন্য় প্রকাশের প্রতি দৃষ্টি রাখা এবং বান্দার সুবিধার দিক লক্ষ্য রেখে এ পথ অবলম্বন করা হয়েছে। মহাবিজ্ঞানী দয়াময়ের পবিত্রতা বর্ণনা করে আমরা তাঁর দরবারে আবেদন জানাই, তিনি যেন আমাদিগকৈ স্বীয় হিকমত ও রহমত দান করেন। যেহেতু তিনি একমাত্র দানকারী। সকল প্রশংসা মহান আল্লাহর জন্য যিনি সারা জাহানের মালিক, যার অনুগ্রহে এ সৎ কাজটি সম্পন্ন হলো।

অগনিত দর্মদ ও সালাম বর্ষিত হোক আমাদের নবী (সাল্লাল্লাহ্ আলাইহি ওয়া সাল্লাম) এর উপর, যিনি সৃষ্টি জগতের মধ্যে শ্রেষ্ঠ। তাঁর বংশধর, সাহাবী, তাবেয়ী ও যারা সৎ কর্মের অনুসরণে সময় ব্যয় করেছেন তাদের উপরও দর্মদ ও সালাম।

﴿ رَبُّنَا ٱغْفِرْ لِي وَلِوَالِدَى وَلِلْمُؤْمِنِينَ يَوْمَ يَقُومُ ٱلْحِسَابُ ﴾.

পরিশিষ্ট ঃ

لا دفعة واحدة ثم يقطع عنها.

এরপ নয় যে, মাত্র একবার সিঞ্চন করে তা বন্ধ করে দেয়া হয়।

وذلك عند منصفه

এটি হয়ে থাকে অর্ধরাত্রিতে। وفي رواية: ووقت العشاء إلى نصف الليل

অন্য বর্ণনায় রয়েছে ঃ ইশার নামাযের সময় অর্ধরাত্রি পর্যন্ত।

وهذه المواقيت المحددة . . . وأقرب إلى الواقع

এই নির্ধারিত সময়গুলো ঐ সকল স্থানের জন্য প্রযোজ্য যেখানে চবিবশ ঘন্টায় দিন-রাত হয়, চাই দিন-রাত সমান হোক অথবা কমবেশী হোক। যে সকল স্থানে চবিবশ ঘন্টায় দিন-রাত হয় না, সে সব স্থানের দু'টি অবস্থাঃ হয় সে অবস্থাটি সারা বছর বিরাজমান থাকবে অথবা বছরের কিছু অংশ এরূপ হয় (যেমন এ সকল স্থানে বছরের সকল ঋতুতে রাত-দিনের স্থিতিকাল চবিবশ ঘন্টা, কিন্তু কোন কোন ঋতুতে সেখানে রাতের স্থিতিকাল চবিবশ ঘন্টা কিংবা ততোধিক এবং দিনের অবস্থাও অনুরূপ হয়)
তাহলে এমতাবস্থায় হয় প্রকৃতি দিগন্তে কোন জীবন
নিদর্শন পরিলক্ষিত হবে যা দ্বারা নির্ধারণ করা সম্ভব হবে।
যেমন আলোর দীপ্তি বৃদ্ধি পাওয়া অথবা সম্পূর্ণরূপে
নিম্প্রভ হয়ে পড়া। এক্ষেত্রে ঐ নিদর্শন অনুযায়ী সময়
বিভাজন করতে হবে। নতুবা সেরূপ নিদর্শন পরিলক্ষিত
হবে না। ----- রাত-দিন অব্যাহত থাকার পূর্বেই দিন
শেষে সময়ের পরিমাণ অনুযায়ী নামাযের সময় নির্ধারণ
করতে হবে। এমতাবস্থায় ধরে নিলাম যে রাত অব্যাহত
থাকার পূর্বে চব্বিশ ঘন্টা ছিলো এবং দিন অবশিষ্ট অংশে
ছিলো। অতএব আমরা চব্বিশ ঘণ্টা চলমান রাতকে বিশ
ঘন্টা ধরবো এবং বাকী অংশকে দিন ধরবো। আর এ
ক্ষেত্রে ইতিপূর্বে নামাযের সময় নির্ধারণ করার ব্যাপারে যে
নীতি অবলম্বন করা হয়েছে তা অনুসরণ করবো।

আর যদি সে সকল স্থান এমন হয় যেখানে বছরের সব ঋতুতেই রাত-দিনের স্থিতিকাল চব্বিশ ঘন্টা হয় তাহলে সময় অনুপাতে নামাযের ওয়াক্ত স্থির করতে হবে। এ প্রসঙ্গে সহীহ মুসলিমে একখানি হাদীস রয়েছে নাওয়াস বিন সামআন (রা) থেকে বর্ণিত। "-----"।

যখন একথা প্রমাণিত হয়ে গেল যে, যে স্থানে দিন-রাতের আগমন-নির্গমন হয় না সেখানে অনুমান করে সময় নির্ধারণ করতে হবে। তাহলে কিভাবে নির্ধারিত করতে হবে?

কতিপয় আলেমের অভিমত হলো ঃ সেটি স্বাভাবিক সময় দিয়ে নির্ধারণ করতে হবে। বার ঘন্টায় রাত ধরতে হবে। তেমনিভাবে দিনও। কারণ সময় নির্ধারণের ক্ষেত্রে যখন খোদ সেই স্থানটাকেই ধরা যাচ্ছে না, তখন ঐ স্থানের সময় নির্ধারণের ক্ষেত্রে স্বাভাবিক স্থানগুলোর উপর কিয়াস করতে হবে। যেমন মুস্তাহাযা মহিলা (রক্ত প্রদর রোগিনী) যার স্বাভাবিক ও নির্দিষ্টভাবে রক্তপ্রাব হয় না।

অপরদিকে কতিপয় আলিম বলেন ঃ ঐ স্থানে নিকটতম দেশের সময় অনুযায়ী নির্ধারণ করতে হবে কারণ যখন স্বয়ং সেই স্থানটিকে মাপকাঠি হিসেবে গ্রহণ করা কষ্টকর তখন তার সবচে নিকটবর্তী স্থানকে মাপকাঠি হিসেবে গ্রহণ করতে হবে। আর সেটি হলো সেই স্থানের নিকটতমদেশ যেখানে চব্বিশ ঘন্টা রাত-দিন হয়। এই উক্তিটি অধিকতর গ্রহণযোগ্য। কারণ এটি যুক্তির নিরিখে বলিষ্ঠতর এবং বাস্তবতার নিকটতর। আল্লাহই সর্বাধিক জ্ঞাত।

فلا يجوز للمسلم أن يقدم الصلاة كلها أو بعضها قبل دخول وقتها. সময় উপস্থিত হওয়ার পূর্বে সম্পূর্ণ অথবা আংশিক নামায আদায় করা কোন মুসলমানের জন্য জায়েয নয়।

إن النبي صلى الله عليه وسلم قال: "يسروا ولا تعسروا وبشروا" وفي رواية: "سكنوا ولا تنفروا".

সহজসাধ্য কর্মের নির্দেশ দাও। সুসংবাদ দাও, কষ্টদায়ক কর্মের নির্দেশ দিও না। অন্য বর্ণনায় আছে ঃ সন্তোষজনক কাজের নির্দেশ দাও। নৈরাশ্যজনক কথা বলো না।

مى طبوعات وزارة الشؤون لعوك لايمية الفاوقات والتحوة والعويثر الو

مواهيب المالية المالية

تأليف محكمة بن صالح المحتيمين

بِاللَّغَة البنغَاليَّة

أُشْرِفْتَ وَكَالَة شِوُونَ المَطْبُوعَاتِ وَالنَسْرُ بِالوَرَاقِ عَلَى الْمِصْدَانِ الْشُرِ بِالوَرَاقِ عَلَى الْمِصْدَانِ الشَّرِ بِالوَرَاقِ عَلَى الْمِصْدَانِ الْمُصْدَانِ الْمُصَدَّانِ الْمُعَالَّةِ الْمُعَالِمِينَ الْمُعَالِمِينَ الْمُعَالِمِينَ الْمُعَالِمِينَ الْمُعْلَى الْمُصَدَّانِ الْمُعْلَى الْمُعْلِينَ الْمُعْلَى الْمُعْلِمِينَ الْمُعْلَى الْمُعْلِيلِينَ الْمُعْلَى الْمُعْلِى الْمُعْلَى الْمُعْلِى الْمُعْلَى الْمُعْلِى الْمُعْلَى الْمُعْلِى الْمُعْلَى الْمُعْلِى الْمُعْلَى الْمُعْلَى الْمُعْلِمُ الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلَى الْمُعْلِيلِي الْمُعْلَى الْمُعْلِى الْمُعْلَى الْمُعْلَى الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلَى الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلَى الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلِيلِي الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلَى الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلِمِ الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلِى الْمُعْلَى الْمُعْلَى الْمُعْلِى الْمُعْلِمِ الْمُعْلِمُ الْمُعْلِي الْمُعْلِمُ الْمُعْلِمُ الْمُعْلِى الْمُعْلَى الْمُعْلَى الْمُعْلِمُ عِ



مِوْلَقِيْتِ لِلْمِيْدِةِ

تأليف محسّمَدُبن صَالِح الحُسْمِين

بِاللَّغَة البنغَاليَّة

طبشيع وَنستشر وزارة الشوص الإسكاميّة والأرْقَائ وَالدَّعُوة والإرْشادُ المككة العَربَّية السُّعُودَّية

ردمك : ۲-۲۳۱-۲۹-۲۹۹